তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ...৪... কলাম ...৬...

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষক প্রশিক্ষণকে কানেক্টিভিটির আওতায় আনা হবে

## - জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেছেন, কলেজ শিক্ষকরা নিজেদের স্থানে বসে যাতে কেন্দ্রীয় কলেজ শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের সঙ্গে সরাসরি যুক্ত হয়ে বিশেষজ্ঞ রিসোর্স পার্সনদের লেকচার শুনতে পারেন, সে লক্ষ্যে পর্যায়ক্রমে কলেজগুলোকে হাই কানেক্টিভিটির আওতায় নিয়ে আসা হবে। গাজীপুর ক্যাম্পাসে প্রতিষ্ঠিত ভার্চুয়াল লেকচার রুম থেকে ইতোমধ্যে স্বল্প পরিসরে সাফল্যের সঙ্গে তা শুরু করা হয়েছে। এর ফলে শিক্ষকদের পাশাপাশি শিক্ষার্থীরাও উপকৃত হবে। তিনি রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সিনেট অডিটোরিয়ামে কলেজ শিক্ষকদের ১০২তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের মধ্যে মাসব্যাপী প্রশিক্ষণশেষে সনদ প্রদানকালে তাঁদের উদ্দেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রতিমাসে তিনটি বিষয়ের কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। বাংলা, ইংরেজি, ভূগোল ও পরিবেশ বিষয়ে ৭৮ জন কলেজ শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন।